

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২২টি প্রতিষ্ঠানকে ১.৩৮ লক্ষ টাকা জরিমানা

১৫ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, ফেনী, চাঁদপুর, কুড়িগ্রাম ও শরীয়তপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে গাউছিয়া সুপার সপকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে সায়েম ফার্মাকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সুমন হোটেল এন্ড রেস্টুরেন্টকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর ধানমন্ডি এলাকায় অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Royel Buffet, Fork Knife, Nostalgic ও চাপ সামলাওকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ৪ জন অভিযোগকারীদেরকে জরিমানার ২৫% হিসাবে ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ান নেতৃত্বে ফেনী সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানীষ রায়ের নেতৃত্বে চাঁদপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা এবং শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকাসহ মোট ৮০,০০০/- (আশি হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারণা করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদনের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৬টি বাজার তদারকিতে ২২টি প্রতিষ্ঠানকে মোট ১,৩৮,০০০/- (এক লক্ষ আটত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৪ জন অভিযোগকারীদেরকে মং ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম ও রংপুর।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, ফেনী, চাঁদপুর, কুড়িগ্রাম ও শরীয়তপুর।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, ফেনী, চাঁদপুর, কুড়িগ্রাম ও শরীয়তপুর।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।